




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।



স্মারক নম্বর : ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০২১-২৬৫

তারিখ : ১০.১০.২০২১ খ্রিঃ

বিষয় : পবিত্র ওমরা পালনের উদ্দেশ্যে আগতব্যদের করণীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী গত আগস্ট/২০২১ মাস হতে বহিঃবিশ্ব থেকে ওমরাযাত্রীরা পবিত্র ওমরা পালনের উদ্দেশ্যে সৌদি আরবে আসার সুযোগ পেয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ হতে অনেক ওমরাযাত্রী সৌদি আরবে এসেছেন এবং ওমরা পালন শেষে যথা নিয়মে দেশে প্রত্যাবর্তন করেছেন। সকল ওমরাযাত্রীকে করোনা ভ্যাকসিন সার্টিফিকেট সৌদি আরবের সিস্টেমের সাথে সমন্বয় করার লক্ষ্যে Arrival Registration/Muqem Registration করতে হবে। উক্ত রেজিস্ট্রেশনের মাধ্যমে Tawakkalna apps এবং Eatmarna apps Active করতে পারবেন। সৌদি সরকারের নিয়মানুযায়ী ওমরা পালনের ক্ষেত্রে বাংলাদেশের ওমরা এজেন্সীর মাধ্যমে ভিসা সংগ্রহ করে প্যাকেজভিত্তিক (আবাসন, যাতায়াত, খাবার ইত্যাদি) আসা সুবিধাজনক। এ ক্ষেত্রে বাংলাদেশ হতে সৌদি আরবে আগমনের সাথে সাথে ওমরা পালনের সুযোগ পাওয়া যায়। সৌদি ওমরা এজেন্সী অনলাইন সিস্টেম থেকে ওমরাপালনকারীর নামে একটি হাত বেট সর্ববরাহ করে থাকে, যার মাধ্যমে ওমরা পালনসহ পবিত্র কা'বা শরীফে ও মসজিদে নববীতে প্রতিদিন ৫ (পাঁচ) ওয়াক্ত নামায আদায় করা যায়। অনেকে ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ভিসা সংগ্রহ করে ওমরার উদ্দেশ্যে সৌদি আরবে আগমন করে থাকেন। এ ক্ষেত্রে সৌদি আরবে তার কোন এজেন্সী না থাকায় আগমনের পর Tawakkalna apps এবং Eatmarna apps এর মাধ্যমে ওমরা এবং নামাযের অনুমতি (Permits) নিতে হয়, যা সময় সাপেক্ষ। এ ক্ষেত্রে অনেক সময় সৌদি আরবে আগমনের সাথে সাথে ওমরা করা সম্ভব হয় না। তাই ওমরা এজেন্সীর মাধ্যমে ওমরা ভিসা সংগ্রহপূর্বক ওমরা পালন করা সুবিধাজনক এবং বামেলামুক্ত। কোন ব্যক্তি (কূটনৈতিক পাসপোর্টধারী কিংবা অফিসিয়াল পাসপোর্টধারী বা অন্য কোন ব্যক্তি) পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে ভিসা সংগ্রহ করে ওমরা পালনের উদ্দেশ্যে সৌদি আরবে আগমন করলে তাকে নিজ দায়িত্বে উক্ত Tawakkalna apps এবং Eatmarna apps এর মাধ্যমে অনুমতি (Permits) গ্রহণ করে ওমরা পালন, নামায আদায় এবং মদিনা শরীফে রওজা জিয়ারা করতে হবে। এ ক্ষেত্রে অন্ত্যস্ত আন্তরিকতার সাথে চেষ্টা করেও বাংলাদেশ হজ্জ অফিস এবং বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দার পক্ষে আগতদের জন্য তাৎক্ষণিকভাবে ওমরা পালন, নামাজ আদায় ও মদিনায় রওজা জিয়ারার ব্যবস্থা করা সম্ভব হয়না। বাংলাদেশ হতে ওমরা পালনের উদ্দেশ্যে আগতব্য ব্যক্তিগণ এ বিষয়টি সৌদি আরবে আগমনের পূর্বে অবহিত থাকলে তাদের জন্য ওমরা পালনসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা সহজ এবং বামেলামুক্ত হবে।

২। বিষয়টি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

২০.১০.২০২১
(মোঃ জাহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ অতিঃ সচিব (হজ্জ))

স্মারক নম্বর : ১৬.০৪.০০০০.০০০.০৫.০০১.২০২১-২৬৫

তারিখ : ১০.১০.২০২১ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। মান্যবর কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা, বাংলাদেশ।
- ৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

(মোঃ জাহিরুল ইসলাম)
কাউন্সেলর (হজ্জ)